| | | |
|---|---|---|
| | | |

# জীববিজ্ঞান (২য় পত্র)
## তৃতীয় অধ্যায় : মানব শারীরতত্ত্ব: পরিপাক ও শোষণ
## লেকচার -০১

**আলোচ্য বিষয়ঃ পরিপাক, মানুষের খাদ্য পরিপাক প্রণালী, মুখগহবরে খাদ্য পরিপাক,**

**পরিপাকঃ**

উত্তরঃ যে জৈব রাসায়নিক প্রক্রিয়ায় জটিল খাদ্যবস্তু বিভিন্ন হরমোনের প্রভাবে ও এনজাইমের সহাযতায় ভেঙ্গে দ্রবণীয় সরল ও তরল এবং দেহকোষের গ্রহণীয় ক্ষুদ্র অনুতে পরিনত হয় তাকে পরিপাক বলে ।

পৌষ্টিকতন্ত্র ঃ যে তন্ত্রের মাধ্যমে খাদ্যবস্তু পরিপাক ও শোষণ প্রক্রিয়া সম্পন্ন হয় তাকে পোষ্টিকতন্ত্র বলা হয়।

=পরিপাক প্রক্রিয়া যান্ত্রিক ও রাসায়নিক এই দুই প্রক্রিয়ার মাধ্যমে সমপন্ন হয়

১. যান্ত্রিক পরিপাক ঃ পরিপাকের সময় যে প্রক্রিয়ায় গৃহিত খাদ্যের পরিশোষণযোগ্য অংশ চিবানো, গলাধঃকরণ ও পৌষ্টিকনালি অতিক্রমের সময় নালির বিভিন্ন অংশের পেশল সনচালনের ফলে গাঠনিক ভাঙ্গনের মাধ্যমে অতি ক্ষুদ্র টুকরায় পরিনত হয়ে এনজাইমের ক্রিয়াতলের বৃদ্ধি ঘটায় তাকে যান্ত্রিক পরিপাক বলে ।
২. রাসায়নিক পরিপাকঃ পরিপাকের সময় যে প্রক্রিয়ায় গৃহিত খাদ্যের পরিপাকযোগ্য অংশ যান্ত্রিক পরিপাকের পরপরই মুখ, পাকস্থলী অন্ত্রে এসিড ,ক্ষার ও এনজাইমের সহায়তায় রাসায়নিক ভাঙ্গনের মাধ্যমে দেহকোষের গ্রহণীয় উপাদানে পরিনত হওয়াকে রাসায়নিক পরিপাক বলে।

=মানবদেহের পৌষ্টিকতন্ত্র পৌষ্টিকনালি এবং পৌষ্টিকগ্রন্থি নিয়ে পঠিত ।

**পৌষ্টিকনালির অংশঃ**

১.মুখছিদ্র ২.মুখগহবর ৩. গলবিল ৪.অন্ননালি ৫. পাকস্থলী
৬.ক্ষুদ্রান্ত্র ৭.বৃহদান্ত্র ৮.পায়ু

**পৌস্টিকগ্রন্থির অংশঃ**

১.লালাগ্রন্থি ২.যকৃত ৩.অগ্নাশয় ৪. গ্যাষ্ট্রিকগ্রন্থি ৫. আন্ত্রিকগ্রন্থি

= **মানুষের খাদ্য পরিপাক প্রনালীঃ**

মানুষের অধিকাংশ খাদ্য বৃহৎ অনু হিসাবে মুখগহবরে গৃহীত হয়। শর্করা, আমিষ, স্নেহদ্রব্য এই তিনটি খাদ্য উপাদান পরিপাক করতে হয় ।নিচে খাদ্য উপাদানের নাম , পরিপাককারী এনজাইম ও উৎপন্ন দ্রব্য ছক আকারে উপস্থাপিত হলোঃ

.

| **খাদ্যের উপাদান** | প্রধান এনজাইম | উৎপন্ন দ্রব্য |
|---|---|---|
| শর্করা {ভাত, রুটি ,চিনি ,শাক-সবজি} | অ্যামাইলোলাইটিক এনজাইম{টায়ালিন ,আমাইলেজ, মল্টেজ, সুক্রেজ] | গ্লুকোজ |
| আমিষ{মাছ,মাংস, ডাল} | প্রোটিওলাইটিক এনজাইম [ পেপসিন, ট্রিপসিন, কাইমোট্রিপসিন ,অ্যামিনোট্রিপসিন] | অ্যামিনো এসিড |
| স্নেহদ্রব্য{ভোজ্যতেল, ঘি, মাখন, প্রাণিজ চর্বি} | লাইপোলাইটিক এনজাইম [পাকস্থলিয় ও আন্ত্রিক লাইপেজ, ফসফোলাইপেজ, কোলেস্টরল ও গ্লিসারল এস্টারেজ, লেসিথিনেজ] | ফ্যাটি এসিড |

= **মুখগহবরে খাদ্য পরিপাক ঃ** মানুষের পৌষ্টিকনালী মুখ থেকে পায়ু পর্যন্ত বিস্তৃত। মুখছিদ্রের মাধ্যমে খাদ্যবস্তু মুখগহবরে প্রবেশ করে।মুখগহবরের ভিতরের অঙ্গের মধ্যে গাল, জিহবা ও তালু প্রধান ।মানুষের মুখগহবরের দুপাশে তিনজোড়া লালাগ্রন্থি থাকে । মুখগহবরে খাদ্যবস্তু দুভাবে পরিপাক হয়- যান্ত্রিক ও রাসায়নিক।

সৃজনশীল প্রশ্ন ঃ
সায়মা ভাত ,মাংস ও ঘি খেতে পছন্দ করে।
ক. পরিপাক কী?
খ. রাসায়নিক পরিপাক বলতে কী বুঝ ?
গ.উদ্দীপকে উল্লেখিত খাদ্য পরিপাককারী প্রধানএনজাইমগুলির নাম লিখ।
ঘ. উদ্দীপকে উল্লেখিত খাদ্য পরিপাকের রাসায়নিক প্রক্রিয়া বিশ্লেষণ কর।